একুশের অবদান

হায়াত মাহমুদ

একুশ আমার মায়ের ভাষা-
একুশ আমার প্রাণ,
একুশ হলো কাজলা দিদির-
সহজ সরল গান।

একুশ হলো মায়ের হাসি-
বাংলা অভিধান,
একুশ আমার বিশাল আকাশ-
নদীর কলে তান।

একুশ আমার সখের বাঁশি-
রাখালিয়া টান,
একুশ আমার পল্লীগীতি-
আবদুল আলীমের গান।

একুশ আমার মায়ের নোলক-
জোছনা রাতের চাঁদ,
একুশ মানে শহীদ মিনার-
বড় হবার সাধ।

একুশ হলো আমার ভাইয়ের-
তাজা রক্তের ছাপ,
একুশ মানে শত্রুদের-
করবো নাকো মাফ।

একুশ হলো মায়ের ভাষার-
বিজয়ের ফল,
একুশ হলো এক সাগর-
তাজা রক্তের জল।
একুশ হলো বিশ্বব্যাপি-
মায়ের ভাষার দিন,
বিশ্ববাসী বাংলা ভাষা
এবার-চিনে নিন।